দৈনিক ইনকিলাব

তারিখ: 14 JAN 1988
পৃষ্ঠা ... 5 কলাম ... 3

020

# শিক্ষাঙ্গন

## অভিভাবক ফোরাম

আমি একজন অভিভাবক। দেশের সমস্ত শিক্ষাঙ্গনেই যখন অরাজক অবস্থা ঠিক সেই সময় মাননীয় ভি, সি, মহোদয় ঢাকা বিশ্ববিদ্যালয়কে অস্ত্রধারীদের হাত থেকে উদ্ধার করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ সৃষ্টি করার জন্য যে উদ্যোগ গ্রহণ করেছেন তাকে আমরা মোবারকবাদ জানাই। এ বিষয়ে অভিভাবক ফোরাম গঠন করে সম্মিলিতভাবে আমাদের দাবীগুলো পূরণের সহযোগিতা করতে পারা যায়।

আমাদের দাবীঃ রাজনৈতিক দলসমূহকর্তৃক ছাত্রদের হাতে অস্ত্র তুলে দেওয়া বন্ধ করা, ছাত্রদের ভিতর উস্কানি দিয়ে হানাহানী সৃষ্টিতে সহযোগিতাকারী শিক্ষকদের সনাক্ত করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা, ছাত্র সংগঠনসমূহের বর্তমানের মত রাজনৈতিক দলসমূহের লেজুর না হওয়া, রাজনৈতিক দলসমূহের ছাত্র সংগঠন আইন করে নিষিদ্ধ করে দেওয়া, ছাত্র শিক্ষক ও শিক্ষার সাথে সম্পর্কযুক্ত সমাবেশ, আলোচনা সভা ইত্যাদিতে রাজনৈতিক কোন ব্যক্তিত্বকে অংশগ্রহণ করতে না দেওয়া, বিদ্যাপীঠসমূহে ছুটির পরিমাণ কম করা, নির্দিষ্ট সময়ের মধ্যে কোর্স শেষ করে পরীক্ষা অনুষ্ঠান ও দু'মাসের মধ্যে পরীক্ষার ফল প্রকাশ করা, শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট আহবান না করা, সম্মানিত শিক্ষক মহোদয়গণের কোন অবস্থাতেই অন্য কোন চাকরি/পেশায় নিয়োজিত না থাকা, সর্বোচ্চ হারে শিক্ষকগণকে বেতন ও অন্যান্য সুবিধা দেওয়া, সম্মানিত পেশায় নিয়োজিত শ্রদ্ধেয় শিক্ষক মহোদয়গণের পরোক্ষ বা প্রত্যক্ষভাবে কোন রাজনৈতিক দলের সাথে বা বিদেশী দূতাবাসের সাথে সম্পর্ক না রাখা, শিক্ষাব পরিপন্থী কাজে লিপ্ত ব্যক্তিদেরকে শিক্ষাঙ্গন থেকে নির্মূল করার জন্য আইন প্রয়োগকারী সংস্থাকে সকল শিক্ষাঙ্গনে প্রবেশ করতে ও দায়িত্ব পালনে সকল মহলের সহযোগিতা করা, প্রাইমারী স্কুল থেকে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য ১টি করে অভিভাবক ফোরাম গঠন করা, সর্বস্তরের শিক্ষা জাতীয়করণ করা, ছাত্রদের ভিতর ঘৃণা ও হিংসা-বিদ্বেষ সৃষ্টি করতে পারে এমন ধরনের বক্তব্য/খবর প্রকাশ করা থেকে বিরত থাকার জন্য সকল মহল ও পত্র-পত্রিকাসমূহের অনুরোধ করা, নির্দিষ্ট সময়ান্তে বিদ্যাপীঠের প্রধান কর্তৃক অভিভাবক ফোরামের সভা আহবান করা।

সময় দ্রুত বয়ে যাচ্ছে। সেই সাথে আপনার আমার প্রাণাধিক সন্তানদের জীবন ঘন অন্ধকারে তলিয়ে যাচ্ছে। তাই অভিভাবক ভাই ও বোনদের কাছে আবেদন আসুন আমরা অভিভাবক ফোরাম করে শ্রদ্ধেয় শিক্ষক, প্রাণপ্রিয় সাধারণ ছাত্র, বুদ্ধিজীবী ও শিক্ষানুরাগীগণের সাথে নিয়ে শিক্ষাক্ষেত্রে সমস্যার সমাধান করি।

—মোঃ আবুল হোসেন,